গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন হাইজদা বাঁধের ঝুঁকিপুর্ণ স্থানসমূহ শক্তিশালীকরণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৯-০৩-২০২১।
সভার সময়	বেলা ৩.৪০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম সভায় জানান যে, ৪৬৯৯.৪১ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন, ২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৬% এবং আর্থিক অগ্রগতি ৪৭.৯৬%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

সভায় প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়নের সর্বশেষ অবস্থা উপস্থাপন করেন। তিনি জানান, প্রকল্পের আওতাধীন ১১টি প্যাকেজের মধ্যে ১০টি প্যাকেজের অগ্রগতি সন্তোষজনক যার সার্বিক অগ্রগতি ৭৫%। অপর ১টি প্যাকেজের (W-12/Haizda) অবশিষ্ট কাজ শেষ করতে ঠিকাদারী প্রতিষ্ঠান ডলি কন্সট্রাকশন লিমিটেড এবং ইনফ্রাটেক (জেভি) সাইটে মালামাল মজুত করলেও বাস্তব কাজ শুরু করেনি। বর্তমানে প্যাকেজটির বাস্তব অগ্রগতি ৮৫%। প্যাকেজটির কাজ যথাসময়ে শেষ করার জন্য একাধিক বার ঠিকাদারী প্রতিষ্ঠানকে তাগাদা প্রদান করা সত্ত্বেও কার্যকরী পদক্ষেপ গ্রহণ না করায় সর্বশেষ চূড়ান্ত নোটিশ প্রদান করা হয়েছে, যার কার্যকাল ১২-০৩-২০২১ তারিখে শেষ হবে। ১২-০৩-২০২১ তারিখের পর ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে বিধি মোতাবেক চুক্তি বাতিল করা হবে। প্যাকেজটির অদ্য পর্যন্ত অগ্রগতিকে চূড়ান্ত ধরে সমাপ্ত ঘোষণা করা প্রয়োজন। এছাড়া উক্ত প্যাকেজের ৩টি স্থানে স্লোপ ধসে নদী গর্ভে বিলীন হয়েছে। ইতোমধ্যে নদীর বর্তমান ক্রস সেকশন অনুযায়ী মেরামতের জন্য সংশোধিত নকশা পাওয়া গেছে। সময় স্বল্পতার কারণে সংশোধিত নকশা অনুযায়ী প্রয়োজনীয় মেরামত কার্যক্রম উক্ত প্রকল্পে নিয়োজিত অন্য প্যাকেজের ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করা প্রয়োজন। তিনি আরও জানান, সারাদেশে সিঙ্গেলস পাথরের অভাব থাকায় অন্য ১০টি প্যাকেজের অবশিষ্ট সিসি ব্লক স্টোনচিপ দ্বারা তৈরি করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয় একমত পোষণ করেন।	(ক) প্যাকেজ নম্বর-W-12/Haizda এর কাজের অদ্য ০৯-০৩-২০২১ পর্যন্ত অগ্রগতি বিবেচনা করে প্যাকেজটি সমাপ্ত ঘোষণা করে ঠিকাদারী প্রতিষ্ঠান ডলি কন্সট্রাকশন লিমিটেড এবং ইনফ্রাটেক (জেভি) এর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) প্যাকেজ নম্বর-W-12/Haizda এর ক্ষতিগ্রস্ত স্লোপ মেরামতসহ সংশোধিত নকশা অনুযায়ী লাঞ্চিং এপ্রোনে ডাম্পিং কার্যক্রম এ প্রকল্পের অন্য কোন প্যাকেজের নিয়োজিত ঠিকাদারের কাজের Variation এর মাধ্যমে সম্পাদন করতে হবে। (গ) অন্যান্য প্যাকেজের অবশিষ্ট ব্লক সিঙ্গেলস পাথরের পরিবর্তে স্টোনচিপ (Crushed Stone) দ্বারা তৈরি করে কাজ সম্পন্ন করতে হবে। (ঘ) প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে Project Completion Report (PCR) দাখিল করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো/প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো/ প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩৯.১৭-১৩৮

তারিখ: ৪ চৈত্র ১৪২৭
১৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।

১৬) উপসচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন হাইজদা বাঁধের ঝুঁকিপুর্ণ স্থানসমূহ শক্তিশালীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ময়মনসিংহ পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ময়মনসিংহ।

১৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), নেত্রকোনা পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোনা।

২১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব